মুজিবনগরে ইভোলিউশন অফ দারিয়াপুরের আয়োজনে দিন ব্যাপি পিঠা উৎসব

মেহেরপুরের মুজিবনগরে ইভোলিউশন অফ দারিয়াপুর আয়োজনে আধুনিক এই যান্ত্রিক যুগের বাঙ্গালীদের হারিয়ে যাওয়া পিঠাপুলির ঐতিহ্য ধরে রাখা এবং বর্তমান প্রজন্মকে জানানোর উদ্দেশ্যে বাংলার ঐতিহ্যবাহী বিভিন্ন রকমের পিঠা নিয়ে দিন ব্যাপি পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ১১ টার সময় দারিয়াপুর ফুটবল খেলার মাঠে দিন ব্যাপি এই পিঠা উৎসব অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিন ব্যাপি এই উৎসবের উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহাবুবুল আলম রবি। উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদ হাসান রাজীব। এ সময় উপস্থিত অতিথিবৃন্দ এটা উৎসবে অংশগ্রহণকারী স্টল গুলো ঘুরে দেখেন।

এই উৎসবে বাংলা ও বাঙালির ঐতিহ্যবাহী ডিম সুন্দরী, স্বরুপীঠা, গোলাপ পিঠা, নারিকেল পুরি, ফুলঝুরি, চুই পিঠা, মাস কলাই পিঠা,সারা পিঠা,ডিমের পানতোয়া পিঠা,দুধ লাউ,পাতা পিঠা,হৃদয় হরণ পিঠা,ছানার আম পিঠা,চন্দ্র পুলি,বিবি খানা পিঠা,জামায় পিঠা,নকঁশি পিঠা,মাছ পিঠা,ম্যাড়া পিঠা,ইলিশ পিঠা,মিষ্টি পুলি,ঝাল পিঠা,সহ প্রায় ২০০ শত ধরনের পিঠা ১৪ টি ষ্টলের মাধমে উপস্থাপন করা হয়।

ইভোলিউশন অফ দারিয়াপুরের আয়োজকরা জানান বাঙালির হারিয়ে যাওয়া পিঠাপুলির ঐতিহ্য সেই ঐতিহ্যকে বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরার উদ্দেশ্য নিয়ে তাদের এই আয়োজন। নতুন প্রজন্মকে বাঙালির ঐতিহ্য বিভিন্ন পিঠাপুলির সম্পর্কে জানানোর জন্য প্রতিবছর তারা এই পিঠা উৎসবের আয়োজন করবে বলে জানান।

দামুড়হুদায় লোকমোর্চা সদস্যদের সাথে সমাজসেবা কর্মকর্তার মতবিনিময়

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার বিভিন্ন ভাতা বিষয় নিয়ে সমাজসেবা কর্মকর্তার সাথে মতবিনিময় সভা করেছে। বুধবার সকাল ১১টার দিকে সমাজসেবা অফিসে।

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার আয়োজনে উপজেলা সমাজসেবা কার্যালয়ে উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হক এর সাথে সমাজসেবা প্রদত্ত বিভিন্ন ভাতা বিষয় নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি ও আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি শহিদুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক সেলিনা আক্তার, দপ্তর সম্পাদক ইউনুছ আলী, প্রচার সম্পাদক হাবিবুর রহমান হবি,পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল হক শিশির, নির্বাহী সদস্য মিরাজুল ইসলাম মিরাজ, রকিবুল হাসান তোতা, মাকসুদুর রহমান রতন, হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবর রহমান, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিছুর রহমান, প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

আত্মনির্ভরশীলতা অর্জনের অঙ্গীকারে গণগবেষক সম্মেলন

যৌথ চিন্তার মাধ্যমে দারিদ্র বিমোচনের বিকল্প পথ অনুসন্ধানে সম্প্রতি গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে দিনব্যাপী অনুষ্ঠিত হলো গণগবেষক সম্মেলন।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় গাংনী উপজেলা গণগবেষণা ফোরাম এই সম্মেলনের আয়োজন করে। গণগবেষণা সস্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক আব্দুর রবের সভাপত্তিত্বে অনুষ্ঠিত সম্মেলনটি উদ্বোধন করেন, উপজেলা চেয়ারম্যান এম খালেক। উদ্বোধন শেষে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

গাংনী হাই স্কুল মাঠে অনুষ্ঠিত এই সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্ট বাংদেশের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, দি হাঙ্গার প্রজেক্টের ডেপুটি ডিরেক্টর জমিরুল ইসলাম, আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম প্রমুখ।

সম্মেলনে আয়োজকরা জানান, গাংনী উপজেলার ৯টি ইউনিয়নে ২৫০টি গণগবেষণা সমিতির মাধ্যমে ১০ হাজার মানুষ সংগঠিত হয়ে গণগবেষণা পদ্ধতিতে স্থানীয় সমস্যা ও তার কারণ অনুসন্ধান করে ক্ষুধা এবং দারিদ্র থেকে মুক্তি জন্য নানামূখী উদ্যোগ গ্রহণ করে আত্মনির্ভশীলতা অর্জনের চেষ্টা করছেন। তারা ইতিমধ্যে সাড়ে তিন কোটি টাকার নিজস্ব তহবিল গড়ে তুলে নিজেদের আর্থিক উন্নয়নের পাশাপাশি বাল্যবিয়ে, নারী নির্যাতন, স্যানিটেশন, সরকারি সেবা প্রাপ্তি, সামাজিক সস্প্রীতি তৈরীতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। এই সস্মেলনে থেকে গণগবেষক প্রতিনিধিরাদের পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় এবং নতুন নেতৃত্ব তৈরীর মাধ্যমে গণগবেষণা কাজকে এগিয়ে নিয়ে যাবেন বলে প্রত্যাশা করছেন।

প্রধান অতিথির বক্তব্যে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার বলেন, আমরা বিশ্বাস করি, মানুষ যদি তার নিজের শক্তিকে আবিস্কার করতে পারে, সে যদি সংগঠিত হয়ে

যৌথভাবে চিন্তা করে, নিজেরা নিজেদের সমস্যার কারন খুঁজে বের করে যৌথ উদ্যোগ নেয় তাহলে স্থানীয় সমস্যার সমাধান করা সম্ভব। আপনারা গণগবেষণার মাধ্যমে আজ দশহাজার মানুষ সংগঠিত। আপনার নিজেরাই নিজেদের ভাগ্যের কারিগর হয়ে উঠেছেন। আপনাদের নিজস্ব তহবিল হয়েছে, নিজস্ব বিনিয়োগ ব্যবস্থাপনার মাধ্যমে আর্থিক অবস্থার উন্নয়ন করতে সক্ষম হয়েছেন।

আলোচলা সভা শেষে প্রধান অতিথি অন্যান্য অতিথিদের নিয়ে গণগবেষকদের বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

মেহেরপুরে রেড ক্রিসেন্ট সোসাইটির কম্বল বিতরণ

মেহেরপুরে তিনশত শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। মঙ্গলবার বেলা ১১ টার দিকে মেহেরপুর জেলা পরিষদ প্রাঙ্গনে রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে এই কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির সভাপতি অ্যাডভোকেট আব্দুস সালাম উপস্থিত থেকে কম্বল বিতরণ করেন।

এসময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির সেক্রেটারি অ্যাডভোকেট একরামুল হিরা, যুব প্রধান খন্দকার শামসুজ্জোহা সোহাগ, জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির নির্বাহী সদস্য অ্যাডভোকেট শফিকুল ইসলাম, আব্দুর রব প্রমুখ।

মেহেরপুরে শ্রমজীবী মানুষের

জন্য বিনামূল্যে পিঠা উৎসব

মেহেরপুরে সংযোগ কানেক্টিং পিপল ফাউন্ডেশনের উদ্যোগে শ্রমজীবী মানুষের জন্য বিনামূল্যে পিঠা উৎসবের আয়োজন করা হয়। সোমবার বিকেলে শহীদ ড. সামসুজ্জোহা পার্কে পিঠা উৎসবের আয়োজন করা হয়।

সংযোগ মেহেরপুর জেলার সভাপতি সাব্বির আহমেদের নেতৃত্বে পিঠা উৎসবে অংশগ্রহণ করেন সংযোগ মেহেরপুরের রাব্বি, তানভীর, পিয়াস, আনিকা, ইসতিয়াক, বর্ষা, বাপ্পী সহ আরো অনেকে।

এ সময় পিঠার মধ্যে চিতই পিঠা, পাটি সাপটা সহ বিভিন্ন রকম পিঠার আয়োজন করা হয়। বিনামূল্যে সমাজের ভ্যান, অটো, রিক্সা চালকদের মধ্যে খাওয়ানো হয়।

সংযোগ মেহেরপুর জেলার সভাপতি সাব্বির আহমেদ বলেন, সংযোগ ৫৫ টি জেলায় অক্সিজেন কার্যক্রমের মাধ্যমে কাজ শুরু করলেও এখন বিভিন্ন সামাজিক কার্যক্রম করে চলেছে দেশজুড়ে। তারই একটি অংশ আজকের শ্রমজীবী পিঠা উৎসব।
এরকম আয়োজন আমাদেরকে আত্মার শান্তি দেয়। আর আমরা এই আয়োজন বারংবার করতে চাই মানুষের জন্য।

মেহেরপুর সদর উপজেলা কুলবাড়িয়া গ্রামের আনসারুল বলেন বিনামূল্যে পিঠা খেতে পেরে খুব ভালো লাগছে। অনেক সময় দেখি বিভিন্ন জায়গায় পিঠা উৎসব হয় কিন্তু আমরা সেখানে যেতে পারি না তবে আমাদের মত রিক্সাওয়ালা শ্রমজীবী জন্য যে এত সুন্দর আয়োজন করেছে তার জন্য ধন্যবাদ।

দামুড়হুদা জয়রামপুর মানবকল্যান যুব সংগঠনের কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলার জয়রামপুর মানবকল্যান যুব সংগঠনের পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ ও সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বেলা ১১টার দিকে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে ২০০ জন শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

জয়রামপুর মানবকল্যাণ যুবসংগঠনের প্রতিষ্ঠতা সভাপতি মনিরুল ইসলাম মিলনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক ও প্রকাশক এবং বাংলাদেশ সংবাদপত্র পরিষদের মহাসচিব নূর হাকিম।

এসময় তিনি বলেন, শীতার্ত মানুষের পাশে দাঁড়ানো বিত্তবানদের নৈতিক দায়িত্ব। দরিদ্র ও হতদরিদ্র মানুষ, যাদের শীতবস্ত্র নেই, শীত নিবারণের জন্য সামান্য একটি কম্বল নেই। এখন যত দ্রুত সম্ভব এসব মানুষের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে। তাই বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, চাকরিজীবী বাংলাদেশ সুপ্রিম কোর্টের মোস্তফা কামাল। এসময় আরও উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান নিজাম উদ্দিন, বিশিষ্ট সমাজসেবক জাহাঙ্গীর আলম, হাউলী

ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রক্তান শিক্ষক ইয়াসিন আলী, মোতাহার হোসেন সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানের সার্বিক সহযোগীতায় ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী কামাল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সংগঠনের সহ সম্পাদক হাফেজ এনামুল হক।

গাংনীতে ৯০ জনের মাঝে ৯ লাখ টাকার চেক বিতরণ

গাংনীতে তরুণ উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে আয়মুখী কাজে সহায়তার জন্য ৯০ জন হতদরিদ্রদের মাঝে চেক প্রদান করা হয়েছে।

বুধবার (২১ ডিসেম্বর) সকাল টার সময় উপজেলা নির্বাহী অফিসারের

সস্মেলন কক্ষে আনুষ্ঠানিক ভাবে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে এই চেক বিতরণ করা হয়।

জাতীয় কন্যা শিশু অ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, বিশেষ অতিথির বক্তব্য রাখেন, কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হুসাইন, রাইপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর যশোর অঞ্চলের সমন্বয়ক খোরশেদ আলম।

দি হাঙ্গার প্রজেক্ট এর গাংনী সমন্বয়ক হেলাল উদ্দিনের সঞ্চালনায় অন্যন্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি আতিয়ার রহমান, রাইপুর ইউনিয়নের মেম্বর শামীম আহমেদসহ দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন ইউনিয়নের সমন্বয়ক ও সাংবাদিকবৃন্দ।

কুষ্টিয়ায় এতিমখানা ও মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ার খোকসায় এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে খোকসা উপজেলার শোমসপুর ইউনিয়নের ধুশুন্ধ গ্রামে সরদার মমতাজ আজহার এতিমখানা ও হাফেজিয়া খানা ও জয়ন্তীহাজরা ইউনিয়নের উথলী গ্রামের উথলী এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে এসব শীতবস্ত্র উপহার স্বরুপ বিতরণ করা হয়।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র উদ্যোগ ও দক্ষিন কোরিয়া প্রবাসি আশরাফুল ইসলাম রোমান এর অর্থায়নে কতটা কম্বল বিতরণ করা হয়।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র চেয়ারম্যান আশিকুল ইসলাম চপলের সভাপতিত্বে খোকসা সরকারি কলেজের বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ওয়াজেদ বাঙ্গালী, শোমসপুর ইউনিয়নের ধুশুন্ধ গ্রামে সরদার মমতাজ আজহার এতিমখানা ও হাফেজিয়া খানার মুহতামিম হাফেজ আব্দুর রহমানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র চেয়ারম্যান আশিকুল ইসলাম চপল বলেন, শীতে কারও যেন কষ্ট না হয় এজন্য আমরা চেষ্টা করি দুস্থ শীতার্তদের জন্য শীতবস্ত্রের ব্যবস্থা করে থাকি। শুধুমাত্র সমাজের অবহেলিত অসহায় শীতার্ত মানুষই নয়, মাদ্রাসার এতিম শিশুদের কথা চিন্তা করে সংগঠনটির মাধ্যমে এসব শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে দি লেপ্রসি ইন্টারন্যাশনাল-বাংলাদেশের সম্মাননা প্রদান

সালোমচার্চ অব বাংলাদেশের আয়োজনে এবং দি লেপ্রসী ইন্টারন্যাশনাল-বাংলাদেশের সহযোগীতায় সোমবার সম্মানিত ব্যক্তিবর্গকে ক্রেস্ট উপহার দিয়ে সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানটি আয়োজন করা হয় মেহেরপুর সিভিল সার্জনের সভা কক্ষে।

সিভিল সার্জন ডাঃ জওয়াহারুল আনাম সিদ্দিকের সভাপতিত্বে,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের কার্যালয়ের উপপরিচালক (প্রোগ্রাম ম্যানেজার) শফিকুল ইসলাম।

ডাঃ ইনজাজামুল হকের পরিচালনায় স্বাগত বক্তব্য প্রদান করেন প্রকল্প কর্মকর্তা সুজিত মল্লিক। কুষ্ঠকার্যক্রমে সহায়তা প্রদানের জন্য দশজন সম্মানিত ব্যক্তিকে দিলেপ্রসি ইন্টারন্যাশনাল-বাংলাদেশ সম্মাননা প্রদান করে।

নির্বাচিত সম্মানিতরা হলেন ইমাম শাহ জাহান কবির,বাগোয়ান ইউনিয়ন

পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক রফিকুল আলম, রাজনীতিবিদ অ্যাডভোকেট রুতশোভা মন্ডল, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স্রে টিএলসিএ সুরুজজামান, গাংনী ভবানীপুর কমিউনিটি ক্লিনিকের সিএইচসিপি আমিরুল ইসলাম, কাজিপুর কমিউনিটি ক্লিনিকের সিএইচসিপি কামাল হোসেন, গুনী দলের সদস্য পিল্লাত পাল, যুব দলের সদস্য সজীব মল্লিক এবং পিরোজপুর সুগন্ধা আত্মসহায়ক দলের সভাপতি হাসেদা খাতুন।

গাংনীতে অসহায় বৃদ্ধার ঘর মেরামত করে দিচ্ছে ‘কিশোরের ডাক

মেহেরপুরের যুব সমাজ আর্থ সামাজিক উন্নয়নে ব্যাপক ভুমিকা রেখে চলেছে। তারা নির্যাতিত নিপিড়িত অসহায় মানুষের পাশেও দাঁড়িয়ে সমাজ গঠনে অনন্য অবদান রাখছে। এরই ধারাবাহিকতায় যুব সমাজ বয়োভারে বৃদ্ধ আব্দুল গনির পরিত্যক্ত বসত ঘরটি মেরামত করে দিয়ে প্রশংসা কুড়িয়েছেন। ঘটনাটি মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া নবীনপুর গ্রামের। মেরামত নয়,অসহায় বৃদ্ধ আব্দুল গনিকে একটি সরকারি পাকা ঘর দেবার দাবীও জানান তারা।

জানাগেছে, নওয়াপাড়া নবীনপুর গ্রামের আব্দুল গনি। বয়স ৯৫ বছর। পেশায় তিনি একজন দিনমজুর। দুই ছেলে তিন মেয়ের জনক। ছেলে ও মেয়েরা নিজের নিজের সংসার নিয়ে ব্যস্ত। বয়স বৃদ্ধির কারণে তাকে কেউ দিন মজুরের কাজে না নেয়ায় জিবন জীবীকার তাগিদে বেছে নিয়েছিলেন ঘটকালি পেশা। বিয়ের ব্যবস্থা করলে সেখান থেকে যা পাওয়া যেতো তাই দিয়ে চলতো সংসারের সব খরচ। এখন নিজেই নিজের কাছে ভারী হওয়ায় ঘটকালী পেশাটাও তার নেই। এদিকে নিজে ও স্ত্রী খাদিজা বেগম শ্বাস কষ্টের রোগী। কোন রকমে চেয়ে চিন্তে দ’মঠো ভাত জুটলেও জুটেনা রোগ থেকে নিরাময়ের ওষুধ। উপরন্ত বসত ঘরটি জরাজীর্ণ। পয়সার অভাবে সেটিও ঠিক করতে পারেন না আব্দুল গনি। ঝড় বৃষ্টি কিংবা প্রতিকুল আবহাওয়ায় এক রকম সংগ্রাম করেই টিকে থাকতে হয় তাদের। ঘরের ছাউনির

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, এমন মানবিক বিষয় । মানূষ যখন বৃদ্ধ হয়ে যায়,তখন তারা অসহায় হয়ে পড়ে। আমি অবশ্যই চেষ্টা করবো তাদের একটি ঘরের ব্যবস্থা করে দেয়ার জন্য। ঘরের জন্য একটি আবেদন প্রয়োজন। পবিরার থেকে আবেদন করলে আমার জন্য সুবিধা হবে।